ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৭৭
আগরতলা, ৬ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"আটদিন ধরে বিকল সিটি স্ক্যান মেশিন ট্রমা সেন্টারে রোগীদের ভোগান্তি চরমে," এই শিরোনামে গত ৩ আগস্ট,২০২৫প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারের ১২৮ স্লাইস সিটি (সোমাটম এএস-ডেফিনিশন) মেশিনটি গত ২৮ জুলাই ২০২৫ সকাল থেকে অকার্যকর অবস্থায় ছিল। সমস্যাটি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সংস্থা সিমেন্স হেলথ কেয়ারকে জানানো হয় এবং একই দিন সকাল ৯ টা ৪৩ মিনিট নাগাদ একটি অনলাইন পরিষেবা টিকিট তৈরি করা হয়। উল্লেখ্য, এই মেশিনটি গত ৮ বছর ধরে কোনও বড় ধরণের ত্রুটি ছাড়াই নিরবচ্ছিন্ন ভাবে পরিষেবা প্রদান করে এসেছে। এই ক্রমাগত ব্যবহারের ফলে মেশিনটির প্রযুক্তিগত সমস্যা দেখা দিয়েছে, যা বর্তমানে সমাধান করা হচ্ছে।আশা করা যাচ্ছে আগামী ৫-৬ দিনের মধ্যে মেশিনটি পুনরায় কার্যকর হবে। এদিকে, রোগীদের চিকিৎসা পরিষেবা যাতে ক্ষতিগ্রস্থ না হয়, সেই লক্ষ্যে ডি.সি.এইচ ৬৪ স্লাইস সিটি ইউনিটে নির্বিঘ্নে সমস্ত সিটি স্ক্যান পরিষেবা প্রদান করা হচ্ছে।রোগীর পরিষেবা ব্যাহত হয়নি এবং বিভাগটি নিরবচ্ছিন্ন ডায়াগনস্টিক পরিষেবা নিশ্চিত করার জন্য যথাসাধ্য চেষ্টা করছে।

**********